পরীক্ষা প্রস্তুতি

# ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইসস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজে থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

**1. আন্তর্জাতিক ওয়াটার কালার ফেস্টিভ্যাল ২০১৮ ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়?**

(a) ভোপাল (b) রাঁচি
(c) পাটনা (d) হায়দরাবাদ

**2. সম্প্রতি কে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (ডিআরডিও) চেয়ারম্যানের দায়িত্ব পান?**

(a) জি সতীশ রেড্ডি (b) সঞ্জয় মিত্র
(c) এস ক্রিস্টোফার (d) মৃণাল এস দাস

**3. পুরন্দরের সন্ধি কবে হয়?**

(a) ১৬৬৫ সালে (b) ১৬৭০ সালে
(c) ১৭৬৫ সালে (d) ১৭৭০ সালে

**4. শিবপুরী জাতীয় উদ্যান ভারতের কোন রাজ্যে অবস্থিত?**

(a) মধ্যপ্রদেশ (b) রাজস্থান
(c) পশ্চিমবঙ্গ (d) কোনোটি সঠিক নয়

**5. ভারতের বর্তমান বিদেশ সচিবের নাম কী?**

(a) টি নায়ার (b) বিজয় গোখলে
(c) এস জয়শঙ্কর (d) এ জ্যোতি

**6. ১৮ তম এশিয়ান গেমস ২০১৮-তে কোন ভারতীয় মহিলা টেনিস খেলোয়াড় উইমেনস সিঙ্গলসে ব্রোঞ্জ জিতেছেন?**

(a) অঙ্কিতা রায়না (b) অশ্বিনী পোন্নাপ্পা
(c) এন সিক্কি রেড্ডি (d) কোনোটি সঠিক নয়

**7. কোনো একটি গ্রামের বর্তমান লোকসংখ্যা 10000। ওই গ্রামে জনসংখ্যা বৃদ্ধির হার 3% হলে 2 বছর পরে ওই গ্রামের জনসংখ্যা কত হবে?**

(a) 10009 (b) 10609
(c) 10509 (d) 10809

**8. 'দশাবতার' ভারতের কোন রাজ্যের একটি উল্লেখযোগ্য লোকনৃত্য?**

(a) মধ্যপ্রদেশ (b) বিহার
(c) মহারাষ্ট্র (d) উত্তরপ্রদেশ

**9. ভারতের কোন শহর 'হ্রদের শহর' নামে পরিচিত?**

(a) বেঙ্গালুরু (b) কেরালা
(c) হায়দরাবাদ (d) শ্রীনগর

**10. এক ব্যক্তি প্রথম বছরের আরম্ভে 5000 টাকা, দ্বিতীয় বছরের আরম্ভে 5300 টাকা এবং তৃতীয় বছরের আরম্ভে 5500 টাকা ব্যাঙ্কে জমা রাখেন এবং ব্যাঙ্ক যদি 8% হারে সরল সুদ দেয় তবে তৃতীয় বছরের শেষে ওই ব্যাঙ্কে ওই ব্যক্তির কত টাকা থাকবে?**

(a) 18288 টাকা (b) 10288 টাকা
(c) 13288 টাকা (d) 12188 টাকা

**11. কোন দেশে সম্প্রতি তামিল ভাষা সরকারি স্বীকৃতি পেল?**

(a) জাপান (b) সিঙ্গাপুর
(c) আমেরিকা (d) চিন

**12. রেহালা জলপ্রপাত ভারতের কোন রাজ্যে অবস্থিত?**

(a) হিমাচল প্রদেশ (b) মধ্যপ্রদেশ
(c) বিহার (d) রাজস্থান

**13. সাংবাদিক কুলদীপ নায়ারের (সম্প্রতি মারা গিয়েছেন) আত্মজীবনীর নাম কী?**

(a) In Jail (b) India House
(c) Beyond The Lines (d) India After Nehru

**14. 'বিশ্ব থ্যালাসেমিয়া দিবস' কবে পালিত হয়?**

(a) ৮ মে (b) ১৮ মে
(c) ২৮ মে (d) কোনোটি সঠিক নয়

**15. হলদিঘাটের যুদ্ধ কবে হয়?**

(a) ১৫৭০ সালে (b) ১৫৭৫ সালে
(c) ১৫৭৬ সালে (d) ১৫৭৭ সালে

**16. ভারতের কোন রাজ্যে চলতি বছর কৃষি কুম্ভ ইন্টারন্যাশনাল কনফারেন্স অ্যান্ড এগজিবিশন অনুষ্ঠিত হবে?**

(a) মধ্যপ্রদেশ (b) রাজস্থান
(c) গুজরাট (d) উত্তরপ্রদেশ

**17. তুঘলক নামা কে রচনা করেন?**

(a) বিম্বিসার (b) কুমারগুপ্ত
(c) ধর্মপাল (d) আমির খসরু

**18. গুরুদাস কামাত (সম্প্রতি মারা গিয়েছেন) কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত?**

(a) সিপিআই (b) আইএনসি
(c) বিজেপি (d) এনসিপি

**19. ২০১৮ বিশ্ব মশা দিবস কবে পালিত হয়?**

(a) ২০ আগস্ট (b) ২১ আগস্ট
(c) ১৮ আগস্ট (d) ১৯ আগস্ট

**20. 'রান' অঞ্চল বলতে কী বোঝায়?**

(a) মালভূমি (b) লবনাক্ত জলাভূমি
(c) মরুভূমি (d) কোনোটি সঠিক নয়

**21. কোফি আন্নান (সম্প্রতি মারা যান) কোন দেশের বাসিন্দা ছিলেন?**

(a) ঘানা (b) মরোক্কো
(c) নাইজেরিয়া (d) দক্ষিণ আফ্রিকা

**22. ভারতের কোন শহর 'নীল শহর' নামে পরিচিত?**

(a) যোধপুর (b) ভোপাল
(c) তিরুবনন্তপুরম (d) জয়পুর

**23. তাপ প্রয়োগে কোন ভিটামিন নষ্ট হয়ে যায়?**

(a) ভিটামিন ডি (b) ভিটামিন সি
(c) ভিটামিন কে (d) ভিটামিন এ

**24. সম্প্রতি মারা যান হিন্দি সাহিত্যিক কেদারনাথ সিং। তিনি কত সালে জ্ঞানপীঠ পুরস্কার পান?**

(a) ২০১০ সালে (b) ২০১২ সালে
(c) ২০১৩ সালে (d) ২০১৪ সালে

**25. ২৪তম ওয়ার্ল্ড কংগ্রেস অব ফিলোজফি ২০১৮ (WCP) কোথায় অনুষ্ঠিত হয়?**

(a) ইস্তাম্বুল (b) বেজিং
(c) এথেন্স (d) কোনোটি সঠিক নয়

RICE EDUCATION

**26. পলাশীর যুদ্ধের কত বছর পর সিপাহি বিদ্রোহ হয়?**

(a) ১০০ বছর পর (b) ১১০ বছর পর
(c) ৫০ বছর পর (d) ১৫০ বছর পর

**27. অনুশীলন সমিতির প্রথম সভাপতি কে?**

(a) প্রমথনাথ মিত্র (b) দ্বারকানাথ ঠাকুর
(c) শচীন্দ্রপ্রসাদ বসু (d) হরিশচন্দ্র মুখোপাধ্যায়

**28. ২০১৮ ওয়ার্ল্ড ফটোগ্রাফি ডে কবে পালন করা হয়?**

(a) ১৭ আগস্ট (b) ১৯ আগস্ট
(c) ১৮ আগস্ট (d) ২০ আগস্ট

**29. সম্প্রতি 'বরুণা ২০১৮' যৌথ নৌ-মহড়া অনুষ্ঠিত হল কাদের মধ্যে?**

(a) ভারত-জাপান (b) ভারত-ফ্রান্স
(c) ভারত-শ্রীলঙ্কা (d) ভারত-রাশিয়া

**30. কাঁচা ফলকে তাড়াতাড়ি পাকাতে কোন গ্যাস ব্যবহার করা হয়?**

(a) অ্যামোনিয়া (b) অ্যাসিটিলিন
(c) ইথিলিন (d) কার্বন-ডাই-অক্সাইড

## ANSWERS

1. (b) 2. (a) 3. (a) 4. (a) 5. (b) 6. (a)

7. (b) 100 জনে বৃদ্ধি পায় 3 জন

10000 ,, ,, ,, $\frac{3}{100}\times 10000 = 300$ জন

$\therefore$ প্রথম বছর পর জনসংখ্যা হবে 10000 + 300 = 10300

আবার, 100 জনে বৃদ্ধি পায় 3 জন

$\therefore$ 10300 ,, ,, ,, $\frac{3}{100}\times 10300 = 309$

$\therefore$ দ্বিতীয় বছর পর জনসংখ্যা হবে 10300 + 309 = 10609

8. (c) 9. (c)

10. (a) বার্ষিক 8% সরল সুদে 5000 টাকার 3 বছরের সুদ = $5000\times 3\times \frac{8}{100}$

= 1200 টাকা

আবার, বার্ষিক 8% সরল সুদে 5300 টাকার 2 বৎসরের সুদ = $5300\times 2\times \frac{8}{100}$

= 53×16 = 848 টাকা

এবং বার্ষিক 8% সরল সুদে 5500 টাকার 1 বৎসরের সুদ = $5500\times 1\times \frac{8}{100}$

= 440 টাকা

$\therefore$ তিন বছরে ব্যাঙ্কে জাম, রাখা মোট সুদ = (1200 + 848 + 440) টাকা = 2488 টাকা

তিন বছরে ব্যাঙ্কে জমা রাখা মোট আসল = (5000 + 5300 + 5500) টাকা

= 15800 টাকা

$\therefore$ তিন বছরে মোট আসল = (2488 + 15800) টাকা = 18288 টাকা

$\therefore$ তিন বছর শেষে মোট 18288 টাকা জমা থাকবে।

11. (b) 12. (a) 13. (c) 14. (a) 15. (c) 16. (d) 17. (d) 18. (b) 19. (a) 20. (b) 21. (a) 22. (a) 23. (b) 24. (c) 25. (b) 26. (a) 27. (a) 28. (b) 29. (b) 30. (c)

RICE EDUCATION